নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক আপডেট/২০২৫/২১০৫ ০১ এপ্রিল ২০২৫

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সেন্টার ফর চায়না স্টাডিজ (সিসিএস) ও সাংহাই ইনস্টিটিউটস ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের এর যৌথ ভার্চুয়াল সভায় অংশ নিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ঢাবি সেন্টার ফর চায়না স্টাডিজের বোর্ড মেম্বার নোবিপ্রবি উপাচার্য সভায় অংশ নিয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।




২. এতিম ও অসহায় দুই'শ মাদ্রাসা শিক্ষার্থীর জন্য ইফতার ও রাতের খাবারের আয়োজন করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ৭ মার্চ ২০২৫ নোবিপ্রবি সংলগ্ন বাংলাবাজার দারুল উলূম হোসাইনিয়া মাদ্রাসা ও এমিতখানায় ব্যক্তিগত উদ্যোগে তিনি এ আয়োজন করেন। ইফতারের আগে বিশেষ আলোচনা, দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। মোনজাত পরিচালনা করেন মাদ্রাসার পরিচালক মাওলানা রুহুল আমিন।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বেস্ট উইমেন রিসার্চার অ্যাওয়ার্ড প্রদানের ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ০৯ মার্চ ২০২৫ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভায় এ ঘোষণা দেন তিনি। এ সময় তিনি বলেন, এখন থেকে নোবিপ্রবিতে প্রতি বছর বেস্ট উইমেন রিসার্চার অ্যাওয়ার্ড প্রদান করা হবে। গবেষণায় অনন্য অবদানের স্বীকৃতিস্বরুপ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিভিন্ন বিভাগের নারী শিক্ষকদের এ অ্যাওয়ার্ড প্রদান করা হবে।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কোডিং পদ্ধতিতে পরীক্ষার ফলাফল প্রকাশ নিয়ে প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। ১৩ মার্চ ২০২৫ পরীক্ষামূলকভাবে গৃহীত টার্ম ফাইনাল পরীক্ষার ফলাফল প্রকাশে এ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে উপাচার্য দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আবাসিক হলসমূহের শিক্ষার্থীদের নিয়ে ইফতার করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বিশ্ববিদ্যালয়ের ভাষা শহিদ আব্দুস সালাম হল, হযরত বিবি খাদিজা হল, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক উকিল হল, জুলাই শহিদ স্মৃতি ছাত্রী হল এবং নবাব ফয়জুন্নেসা চৌধুরানী হলে এ ইফতার অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি হল প্রশাসনসমূহ ১২ মার্চ ২০২৫ এ ইফতার, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করে।




৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তা কোয়ার্টার্সে ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন এর উদ্বোধন করা হয়েছে। ১৩ মার্চ ২০২৫ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মচারীবৃন্দের কর্মকর্তাবৃন্দের আয়োজনে ইফতার ও দোয়া অনুষ্ঠিত হয়। ১৬ মার্চ ২০২৫ নোবিপ্রবি বীরশ্রেষ্ট শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দের আয়োজনে ইফতার ও দোয়া অনুষ্ঠিত হয়। ১৭ মার্চ ২০২৫ নোবিপ্রবি বীরশ্রেষ্ট শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ পালিত হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার মধ্যে উল্লেখযোগ্য ছিল জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য শোভাযাত্রা, কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সংক্ষিপ্ত আলোচনা, মিলাদ ও দোয়া অনুষ্ঠান। অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪